

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮-৫৯, আছাবাদ বাণিজ্যিক এলাকা,
ডাক বাব্ব নং-১০৮, চট্টগ্রাম, বাংলাদেশ।



প্রেস বিজ্ঞপ্তি


মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর প্রধান কার্যালয় “মেঘনা ভবন” এর নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠান

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর সকল কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীদের দীর্ঘদিনের লালিত স্বপ্ন নিজস্ব প্রধান কার্যালয় “মেঘনা ভবন” এর নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠান ০৪ নভেম্বর, ২০১৭ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় ৭২, আছাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হয়।

সরকারের গণপূর্ত বিভাগ ১৯৯২ সনে আছাবাদ বাণিজ্যিক এলাকার ৭২নং প্লটের ০.৫৬ বিঘা/০.১৮৭ একর জমি অত্র কোম্পানির নামে বরাদ্দ দেয়া হয়। ২০০৮ সনে জমিটি মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর নামে রেজিস্ট্রিকৃত হয়। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ হতে ২০১৫ সনে ভবন নির্মাণের জন্য অনুমোদন পাওয়া যায়। চলতি বছরের ২১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে আরডিপিপি (রিভাইজড ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল) অনুমোদন পায়। প্রখ্যাত স্থাপত্যবিদ জনাব এনামুল করিম নির্বাহক ভবনটির নকশা প্রণয়ন করেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা এর স্বনামধন্য অধ্যাপক ড: আবদুল মুক্তাদির এবং ড: খান মাহমুদ আমানত ভবন নির্মাণের পরামর্শক হিসেবে নিয়োজিত আছেন। ০৩টি বেসমেন্ট ফ্লোরসহ ১৯ তলা বিশিষ্ট নান্দনিক এ ভবনের মোট ফ্লোর স্পেস ১,০৬,০৭০.৯৩ বর্গফুট। চট্টগ্রামের প্রখ্যাত ডেভেলপার মেসার্স এএনজেড প্রপার্টিজ লিমিটেড-কে সর্বনিম্ন দরদাতা হিসেবে ভবন নির্মাণের ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ দেয়া হয়। জুন, ২০২০ সালের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে। ইহা চট্টগ্রামের একটি আইকনিক ভবনরূপে পরিচিতি লাভ করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি জ্বালানি সেক্টরের দক্ষতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তিনি জ্বালানি মন্ত্রণালয়ের চলমান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চট্টগ্রাম অনেক এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি সেক্টরের অটোমেশন কার্য দ্রুত বাস্তবায়নের উপর জোর দেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, জনাব আ.জ.ম. নাসিরউদ্দীন তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ ২০২১ সনের মধ্যে মধ্যম আয়, ২০৩০ সনের মধ্যে দারিদ্রমুক্ত দেশ এবং ২০৪১ সনের মধ্যে উন্নত দেশ হিসেবে বিশ্বের দরবারে স্থান লাভ করবে। এর প্রমাণক হিসেবে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের মতো নিজস্ব অর্থায়নে মেঘনা ভবন নির্মাণের কথা উপস্থাপন করেন। মেঘনা ভবনের মতো নান্দনিক ও স্বাস্থ্য সম্মত ভবন নির্মাণ আধুনিক বাংলাদেশে বিনির্মাণে অবদান রাখবে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মাননীয় চেয়ারম্যান জনাব আবু হেনা মো: রহমাতুল মুনিম অনুষ্ঠানের সভাপতি হিসেবে বলেন মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড বর্তমানে সমগ্র দেশে তৈল বিপণন এবং লুব বিক্রিতে মার্কেট লিডার। অত্র কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সহ সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রতিষ্ঠানের সুনাম ও আয় বৃদ্ধিতে সচেষ্ট আছেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, সকলের সার্বিক সহযোগিতায় এ এন জেড প্রপার্টিজ লিমিটেড নির্দিষ্ট সময়ে তাদের নির্মাণ কাজ সম্পন্ন করবে। কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক ও প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাসুদুর রহমান বলেন, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড সব সময়ই দক্ষ জনবল তৈরিতে সচেষ্ট। তাই এ কোম্পানি জ্বালানি সেক্টরে শীর্ষস্থান দখল করে আছে। যা দেশের একটি অনুকরণীয় কোম্পানি হিসেবে পরিগণিত হচ্ছে। মেঘনা ভবন নির্মাণ কাজের জন্য চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান মেসার্স এএনজেড প্রপার্টিজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব হুমায়ূন পারভেজ নির্দিষ্ট সময়ে ভবন নির্মাণ কাজ সম্পন্ন করার প্রতিশ্রুতি দেন। সভার প্রারম্ভে কোম্পানির ম্যানেজিং ডাইরেক্টর মীর ছাইফুল্লাহ-আল-খালেদ তার স্বাগত বক্তব্যে শ্রদ্ধাভরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান স্মরণ করেন। তিনি বলেন ১৪ জুলাই ১৯৭৫ সনে আমেরিকান কোম্পানি এ্যাসোসি ইন্টার্ন একুইজিশনের বদৌলতে বর্তমান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড গঠিত হয়। চট্টগ্রামের এ আইকনিক ভবন নির্মাণ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসোপানে যুক্ত হতে প্রথিকৃত হয়ে থাকবে। তিনি কৃতজ্ঞতাভরে জ্বালানি মন্ত্রণালয়ের সচিব ও কর্মকর্তাবৃন্দ, প্লানিং ডিভিশন ও বিপিসির কর্মকর্তাবৃন্দ, ভবনের নকশাকার, পরামর্শক সহ কোম্পানির প্রাক্তন ও বর্তমান কর্মকর্তা-কর্মচারীবৃন্দের অবদানের কথা স্মরণ করেন।

উক্ত অনুষ্ঠানে কোম্পানির পরিচালক পর্ষদের পরিচালকবৃন্দের মধ্যে জনাব সৈয়দ মোহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অপারেশন ও পরিচালনা), বিপিসি; জনাব শংকর প্রসাদ দেব, পরিচালক (অর্থ), বিপিসি; জনাব মো: ঈদতাদুল ইসলাম, উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; জনাব ইকবাল হোসেন অপু, স্বাধীন পরিচালক; জনাব ইস্তাক আহম্মেদ শিমুল, পরিচালক; জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান জনাব ফিরোজ আল মামুন উপস্থিত ছিলেন। এতদ্ব্যতীত অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও বিপিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কোম্পানির জেনারেল ম্যানেজার (এইচ আর), জনাব মো: আকতার হোসেন অনুষ্ঠানটি পরিচালনা করেন।


রেজা মোঃ রিয়াজউদ্দিন
গ্যাসিষ্ট্যান্ট জেনারেল ম্যানেজার (এইচ আর)
মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
৫৮-৫৯, আছাবাদ বা/এ, চট্টগ্রাম